গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
শিক্ষা ভবন, ঢাকা

স্মারক নং-৩৮.০৩.০০০০.২০৫.২৯.০৭৮.১৮. ৩০০

তারিখ: ৩১ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ
১৪ মে ২০২৩ খ্রিষ্টাব্দ

## অফিস আদেশ

মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রদত্ত ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় আবশ্যিক অংশের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার কর্মসম্পাদন সূচক ১.১.১ অনুযায়ী সেবা সহজীকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের লক্ষ্য পূরণের নিমিত্ত বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিটের ইনোভেশন টিম কর্তৃক এ ইউনিটের ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারীদের "শ্রান্তি-বিনোদন ছুটি" সেবা মঞ্জুর প্রক্রিয়ার ধাপ কমিয়ে সহজীকরণের জন্য একটি প্রস্তাব দাখিল করেছে, যা কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত হয়েছে। ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারীদের "শ্রান্তি-বিনোদন ছুটি' মঞ্জুরের প্রক্রিয়াটি একটি রুটিন ওয়ার্ক, নীতি নির্ধারণী সংশ্লিষ্ট কাজ নয়, সে কারণে খুব বেশি পরীক্ষা-নিরীক্ষার প্রয়োজন থাকে না। তাই সচিবালয় নির্দেশমালা ২০১৪-এর ৫৭(১) নির্দেশ অনুযায়ী "শ্রান্তি-বিনোদন ছুটি'' মঞ্জুর প্রক্রিয়ায় ধাপ কমিয়ে সেবাটি সহজীকরণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

২। এ অবস্থায়, পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত "শ্রান্তি-বিনোদন ছুটি" মঞ্জুরের ক্ষেত্রে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে:

ক. সেবা প্রত্যাশী কর্তৃক দাখিলকৃত আবেদন মহাপরিচালক মহোদয়ের দপ্তরে প্রাপ্তি, মহাপরিচালক মহোদয় কর্তৃক অনুস্বাক্ষর, ডকেটিং এবং প্রশাসন শাখায় সরাসরি প্রেরণ।
খ. প্রশাসন শাখার সংশ্লিষ্ট কর্মচারী কর্তৃক ডকেটিং এবং কাগজপত্র পরীক্ষাপূর্বক আদেশসহ সরাসরি উপপরিচালক (প্রশাসন) এর নিকট নথি উপস্থাপন।
গ. উপপরিচালক (প্রশাসন) কর্তৃক পরীক্ষান্তে স্বাক্ষরপূর্বক সরাসরি মহাপরিচালকের নিকট নথি প্রেরণ;
ঘ. মঞ্জুরকারী কর্তৃপক্ষ (মহাপরিচালক) মহোদয় অনুমোদনপূর্বক উপপরিচালক (প্রশাসন) নিকট সরাসরি প্রেরণ;
ঙ. উপপরিচালক (প্রশাসন) কর্তৃক স্বাক্ষরিত হয়ে আদেশ জারি।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

১৪/০৫/২০২৩
মোছাঃ নূরজাহান খাতুন
(যুগ্ম সচিব)
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: +৮৮০-২-৪১০৫০৩৮৯
ই-মেইল: cpeimu2011@gmail.com

স্মারক নং-৩৮.০৩.০০০০.২০৫.২৯.০৭৮.১৮. ৩০০

তারিখ: ৩১ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ
১৪ মে ২০২৩ খ্রিষ্টাব্দ

অনুলিপি: কার্যার্থে ও জ্ঞাতার্থে

১। পরিচালক (প্রশাসন ও অর্থ), বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, শিক্ষা ভবন, ঢাকা।
২। উপপরিচালক (প্রশাসন), বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, শিক্ষা ভবন, ঢাকা।
৩। সহকারী পরিচালক (প্রশাসন) বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, শিক্ষা ভবন, ঢাকা।
৪। জনাব/বেগম ......................................, এ ইউনিট।
৫। অফিস কপি।

১১/০৫/২০২৩
মোঃ কামাল হোসেন
পরিচালক, প্রশাসন ও অর্থ
(অতিরিক্ত দায়িত্ব)
ফোন: +৮৮০-২-৪১০৫০৩৯১
ই মেইল- cpeimu2011@gmail.com